AUTOMOBILE ASSOCIATION OF BANGLADESH

AA BANGLADESH

[Government Approved]

3B Outer Circular Road
Maghbazar, Dhaka- 1217
Tel: (+8802) 222221342, (+8802) 48311654
Mobile: (+88) 01705518845, (+88) 01722278846
Fax : (+8802) 222224356
Email: enquiry@aabangladesh.com
Website: www.aabangladesh.com

# প্রেস বিজ্ঞপ্তি

**অটোমোবইল এসোসিয়েন অব বাংলাদেশ জাতীয় সড়ক নিরাপত্তা দিবস ২০২৪ উদযাপন করবে**

তারিখঃ ২০ অক্টোবর ২০২৪

স্থানঃ অটোমোবাইল এসোসিয়েসন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা - ১২১৭।

সময়ঃ সকাল ১০:৩০ টা

আমরা (অটোমোবাইল এসোসিয়েন অব বাংলাদেশ - এএবি) আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ২২ অক্টোবর ২০২৪, ৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকায় অবস্থিত এএবি প্রধান কার্যালয়ে জাতীয় সড়ক নিরাপত্তা দিবস ২০২৪ উদযাপন করবে। অনুষ্ঠানটি শুরু হবে সকাল ১০:৩০ টায় এবং এর উদ্দেশ্য হলো সড়ক নিরাপত্তার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং দায়িত্বশীল ড্রাইভিং এর অনুশীলনকে উৎসাহিত করা, যা বাংলাদেশে সড়ক দুর্ঘটনা হ্রাসের সহায়ক হবে।

ব্যারিস্টার আজমালুল হোসেন (কেসি), সভাপতি, অটোমোবাইল এসোসিয়েন অব বাংলাদেশ, অনলাইনের মাধ্যমে যুক্ত হবেন এবং সড়ক নিরপপত্তা নিশ্চিতকরণে চালক ও কর্তৃপক্ষের ভূমিকা নিয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করবেন।

এছাড়াও, অনুষ্ঠানে ডেপুটি ট্রাফিক পুলিশ কমিশনার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। তিনি সড়ক নিরাপত্তা উন্নয়ন ও ট্রাফিক আইন প্রয়োগের ক্ষেত্রে সরকারের চলমান কার্যক্রম সম্পর্কে বক্তব্য রাখবেন। এই অনুষ্ঠানে তার উপস্থিতি আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে বেসরকারী সংস্থাগুলোর যৌথ প্রচেষ্টার মাধ্যমে সড়ক নিরাপত্তা নিশ্চিত করার অঙ্গীকারকে আরও জোরদার করবে।

এই বছরের জাতীয় সড়ক নিরাপত্তা দিবসের থিমটি হলো - ছাত্র জনতার অঙ্গীকার, নিরাপদ সড়ক হোক সবার।

অটোমোবাইল এসোসিয়েন অব বাংলাদেশ দীর্ঘদিন ধরে সড়ক নিরাপত্তার জন্য কাজ করে যাচ্ছে, সচেতনতা কর্মসূচি, চালক প্রশিক্ষণ এবং সমাজের সাথে সংযুক্ত কার্যক্রম পরিচালনা করছে। এই অনুষ্ঠানটি তাদের চলমান প্রতিশ্রুতির অংশ, যা সড়ক দুর্ঘটনা কমাতে ও প্রাণ বাঁচাতে সহায়ক হবে।

সকল গণমাধ্যম এবং সচেতন নাগরিকদের এই গুরুত্বপূর্ণ দিনে আমাদের সাথে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আসুন, আমরা একসাথে কাজ করি যাতে বাংলাদেশের সড়কগুলো সবার জন্য নিরাপদ হয়।

আমন্ত্রণে

তাহনিয়া কাদেরী
সিওও
অটোমোবাইল এসোসিয়েন অব বাংলাদেশ
৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা - ১২১৭।